

**উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়**  
**বিজ্ঞপ্তি**

স্মারক নং-উবি-০৬/২০০৭-১০৪৫১

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

শিশুশ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত (বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষন) এবং ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে,

- (ক) ১৪/০২/২০১৮ ইং বুধবার 'শ্রী শ্রী শিবরাত্রী ব্রত' উপলক্ষে বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে।
- (খ) ১৫/০২/২০১৮ ইং বৃহস্পতিবার 'বার্ষিক বিজ্ঞান মেলা ২০১৮' এর প্রস্তুতির জন্য ৩য় পিরিয়ডের পর সকল ক্লাস ছুটি হয়ে যাবে। ঐদিন শিশুশ্রেণি ও ১ম শ্রেণির শ্রেণিকার্যক্রম অনুষ্ঠিত হবে না।
- (গ) 'বিজ্ঞান মেলা, অলিম্পিয়াড ও সাংস্কৃতিক প্রতিযোগিতা- ২০১৮' চলাকালীন ১৮/০২/২০১৮ ইং রবিবার থেকে ২০/০২/২০১৮ ইং মঙ্গলবার এবং ২২/০২/২০১৮ ইং বৃহস্পতিবার বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। ২৫/০২/২০১৮ ইং রবিবার থেকে শ্রেণিকার্যক্রম যথারীতি চলবে।
- (ঘ) ২১/০২/২০১৮ ইং বুধবার শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে।
- (ঙ) বিজ্ঞান মেলা, অলিম্পিয়াড ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সকল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত। আরো আনন্দের বিষয় হলো, নিম্নেবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী ভ্রাম্যমাণ বিজ্ঞান যাদুঘর, 4D চলচিত্র ও টেলিস্কোপ শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত থাকবে:-

তারিখ ও বার	প্রদর্শনীর সময়	দর্শনার্থী	প্রদর্শনীর উপকরণ
১৭/০২/২০১৮ শনিবার	সকাল ১০:৩০ - বিকাল ৩:০০ মি:	সকল শিক্ষার্থী	ভ্রাম্যমাণ বিজ্ঞান যাদুঘর ও 4D চলচিত্র
	বিকাল ৩:০০ - ৪:০০ মি:	প্রজেক্টে অংশগ্রহণকারী শিক্ষার্থী ও ভলান্টিয়ার	
	সন্ধ্যা ৬:০০ - রাত ৮:০০ মি:	সকল শিক্ষার্থী	টেলিস্কোপ
১৮/০২/২০১৮ রবিবার	সকাল ৯:০০ - বিকাল ৩:০০ মি:	সকল শিক্ষার্থী	ভ্রাম্যমাণ বিজ্ঞান যাদুঘর ও 4D চলচিত্র
	সন্ধ্যা ৬:০০ - রাত ৮:০০ মি:		টেলিস্কোপ

বিঃদ্র: টেলিস্কোপ দেখার জন্য শিক্ষার্থীদেরকে অবশ্যই স্ব স্ব অভিভাবক সহ আসতে হবে।

- (চ) একাদশ শ্রেণির 'বার্ষিক পরীক্ষা ২০১৮' পূর্ব ২য় শ্রেণি পরীক্ষা ০৫/০৩/২০১৮ ইং সোমবার থেকে ০৮/০৩/২০১৮ ইং বৃহস্পতিবার পর্যন্ত এবং 'একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা ২০১৮ ইং' ২২/০৩/২০১৮ ইং বৃহস্পতিবার থেকে অনুষ্ঠিত হবে। সম্মানিত অভিভাবকদের এতদবিষয়ে স্ব স্ব শিক্ষার্থীদের প্রতি আরো যত্নশীল হওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ মান ৪০% এবং কোন শিক্ষার্থী সকল বিষয়ে কৃতকার্য না হলে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করা হবে না। উল্লিখিত পরীক্ষার সময়সূচি যথাসময়ে নোটিশের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

ড. উম্মে সালামা বেগম  
অধ্যক্ষ

নং : রেজি/পরী/উবি-০৬/২০০৭-১০৪৫১

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট প্রেরণ করা হলোঃ

বিতরণ:

১। সমন্বয়কারীগণ

২। অফিস কপি